



# নিউ ইয়র্ক স্টেটের শিশু শ্রম সংক্রান্ত প্রাথমিক আইন

[dol.ny.gov/know-your-rights](https://dol.ny.gov/know-your-rights)

**WE ARE YOUR DOL**



Department  
of Labor

## আপনার অধিকারগুলি জানুন

- আপনি পূর্ববর্তী পে সময়কালে মোট যত ঘন্টা কাজ করেছেন, তার জন্য নির্ধারিত পে-দিবসে আপনি অবশ্যই পেমেন্ট পাবেন।
- এই পেমেন্ট চেক, পে-কার্ড বা নগদেও দেওয়া যেতে পারে।
- প্রতিবার বেতন পাওয়ার সাথে সাথে আপনি অবশ্যই পে-স্টাবও পাবেন।
- আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনার কাজের সময়কালের হিসাব রাখতে হবে। এছাড়াও, NYSDOL আপনাকে নিজের কাজের সময়ের হিসাব রাখার সুপারিশ করে।
- আপনার নিয়োগকর্তা আপনার কাজ সংক্রান্ত কাগজপত্র কাজের জায়গাতেই রাখবেন। ঘন্টার সময়কালে অবশ্যই অপ্ৰাপ্তবয়স্কদের আলাদা করে উল্লেখ করতে হবে, যাতে তাদের সহজে আলাদা করা যায়।

## অপ্ৰাপ্তবয়স্করা নিম্নলিখিত কাজগুলি করতে পারবে না

### 14- থেকে 15-বছর-বয়সী:

- ফ্যাক্টরির কাজ
- রান্না বা নির্দিষ্ট কিছু টুল বা যন্ত্র দিয়ে বেক করা
- মানসিকভাবে অসুস্থ ব্যক্তিদের মেডিক্যাল ফেসিলিটিতে কাজ করা

### 14- থেকে 17-বছর বয়সী (সমস্ত অপ্ৰাপ্তবয়স্ক):

- নির্মাণকাজ, কাঠ কাটা, মাংস প্যাক করা, খনির কাজ ইত্যাদি
- বিদ্যুৎ চালিত কিছু নির্দিষ্ট যন্ত্র বা মেশিন চালানো
- তেজস্ক্রিয় বা বিষাক্ত পদার্থের সংস্পর্শে আসার মতো কাজ
- ইট তৈরি বা বিস্ফোরক নিয়ে কাজ করা

- বেশিরভাগ যানবাহন, গুদাম বা সংরক্ষণাগারে কাজ
- কারাগার বা সংশোধনাগারে কাজ করা

যেসব জায়গায় মদ্যপান করা হয় বা মদ পরিবেশন করা হয়, সেই সব স্থানে। যদি অপ্ৰাপ্তবয়স্করা মদের পাত্র নিয়ে কাজকর্ম করে, তাহলে সেখানে 21 বছরের চেয়ে বেশি বয়সী কাউকে সরাসরি তত্ত্বাবধান করতে হবে। যেখানে মদ বিক্রি হলেও পরিবেশিত হয় না, সেখানে অপ্ৰাপ্তবয়স্কদের এই বিক্রয়ের কাজে 18 বছরের চেয়ে বেশি বয়সী কাউকে তত্ত্বাবধান করতে হবে।

## স্কুলের সময়ে কাজ করা

### 14- থেকে 15-বছর-বয়সী

- স্কুলের দিনে 3 ঘন্টা পর্যন্ত
- যেসব দিন স্কুল নেই, সেসব দিনে 8 ঘন্টা পর্যন্ত
- প্রতি সপ্তাহে 18 ঘন্টা বা 6 দিনের বেশি নয়
- কাজের ঘন্টা 7 AM থেকে 7 PM-এর মধ্যে হতে হবে

### 16- থেকে 17-বছর-বয়সী

- সোমবার - বৃহস্পতিবার 4 ঘন্টা পর্যন্ত
- শুক্রবার - রবিবার এবং ছুটির দিনে 8 ঘন্টা পর্যন্ত
- স্কুল দিবসের রাতে কাজের ঘন্টা 6 AM থেকে 10 PM-এর মধ্যে এবং স্কুল না থাকার দিবসে এই সময় 6 AM থেকে 12 AM-এর মধ্যে হতে হবে

## স্কুলের বিবর্তির সময়ে কাজের সময়কাল

### 14- থেকে 15-বছর-বয়সী

- প্রতিদিন 8 ঘন্টা পর্যন্ত
- প্রতি সপ্তাহে 40 ঘন্টা বা 6 দিনের বেশি নয়
- কাজের ঘন্টা 7 AM থেকে 9 PM-এর মধ্যে হতে হবে

### 16- থেকে 17-বছর-বয়সী

- প্রতিদিন 8 ঘন্টা পর্যন্ত
- প্রতি সপ্তাহে 48 ঘন্টা বা 6 দিনের বেশি নয়
- কাজের ঘন্টা 6 AM থেকে 12 AM-এর মধ্যে হতে হবে

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবার (নিউ ইয়র্ক স্টেটের শ্রম দপ্তর) একটি সমান সুযোগ প্রদানকারী নিয়োগকর্তা/কার্যক্রম। TTY/TDD 711 বা 1-800-662-1220 (ইংরেজি) / 1-877-662-4886 -এ অক্ষম ব্যক্তিদের অনুরোধের ভিত্তিতে সাহায্যকারী সহায়তা এবং পরিষেবাগুলি বিনামূল্যে উপলব্ধ রয়েছে।